# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## বাংলা প্রথম পত্র  বিষয় কোড: | ১ | ০ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট  পূর্ণমান-৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

**১.▶** বাংলা নববর্ষকে কেন্দ্র করে রমনার বটমূলে 'ছায়ানট' যে উৎসব শুরু করে স্বাধীন বাংলাদেশের বাধাহীন পরিবেশে এখন তা জনগণের বিপুল আগ্রহ-উদ্দীপনাময় অংশগ্রহণে দেশের সর্ববৃহৎ জাতীয় অনুষ্ঠানে পরিণত হয়েছে। রাজধানী ঢাকার নববর্ষ উৎসবের দ্বিতীয় প্রধান আকর্ষণ ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ছাত্রছাত্রীদের বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা। এ সময় রাষ্ট্রীয়ভাবে সব অফিস আদালত বন্ধ থাকে। সর্বত্র থাকে উৎসবের আমেজ।

ক. নববর্ষের মধ্যে কোন ধারণাটি প্রচ্ছন্ন থাকে? ১

খ. ধর্মনিরপেক্ষ চেতনা বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. 'পয়লা বৈশাখ' প্রবন্ধে প্রকাশিত নববর্ষ উদযাপনের কোন দিকটি উদ্দীপকে অনুপস্থিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "সামাজিক প্রকৌশলীদের আজ বাংলা নববর্ষের মধ্যে সচেতনভাবে নতুন মাত্রিকতা যোগ করতে হবে।" লেখকের এই প্রত্যাশাই যেন উদ্দীকপটি ধারণ করেছে— মূল্যায়ন কর। ৪

**২.▶** গফুর লজ্জিত হইয়া বলিল, বাপ বেটিতে দু'বেলা দুটো পেটভরে খেতে পর্যন্ত পাইনে। ঘরের পানে চেয়ে দেখ, বিষ্টি বাদলে মেয়েটিকে নিয়ে কোণে বসে রাত কাটাই, পা ছড়িয়ে শোবার ঠাঁই মেলে না। মহেশকে একটিবার তাকিয়ে দেখ, পাঁজরা গোনা যাচ্ছে। দাও না ঠাকুর মশাই কাহন দুই-ধার, গরুটাকে দুদিন পেটপুরে খেতে দিই। বলিতে বলিতে গফুর ধপ করিয়া ব্রাহ্মণের পায়ের কাছে বসিয়া পড়ি। তর্করত্ন কহিলেন, 'আ মর, ছুঁয়ে ফেলবি না কি?'

ক. 'গেঁটে কড়ি' শব্দের অর্থ কী? ১

খ. রসিক দুলে তার পায়েল ধুলো দিতে গিয়ে কেঁদে ফেলল কেন? ২

গ. উদ্দীপকের গফুর চরিত্রটি 'অবাগীর স্বর্গ' গল্পের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? কীভাবে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের তর্করত্ন কি 'অভাগীর স্বর্গ' গল্পের অধর রায়ের সার্থক প্রতিনিধি উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

https://teachingbd24.com

৩.▶ একজন কিশোর একদিন 'লালু' নামক একটি ঘোড়ার পিঠে চড়ে বসে। ঘোড়াটি তখন ছুটতে থাকে। এক সময় কিশোরটি ঘোড়ার পিঠ থেকে পড়ে গিয়ে জ্ঞান হারায়। জ্ঞান ফিরে এলে দেখতে পায় সে একটি গর্তে পড়ে আছে এবং একদল শিয়ার তার দিকে এগিয়ে আসছে। তখন লালু সজোরে পা ছুড়ে ও বিকট শব্দ করে শিয়ালদের থেকে কিশোর ছেলেটিকে রক্ষা করে।

ক. জগদলে লেখকের কোন সময়ের অদ্ভুত স্বপ্নময় কিছুদিন কেটেছে? ১
খ. কুকুরটির রাজবাড়ি ছেড়ে না যাওয়ার কারণ কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের লালুর সাথে 'নিয়তি' গল্পের কুকুরটির সাদৃশ্য আলোচনা কর। ৩
ঘ. "গৃহপালিত প্রাণীরাও মানুষের বিপদের বন্ধু হতে পারে।"— উদ্দীপক ও 'নিয়তি' গল্পের আলোকে মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৪.▶ ১৯৭১ সালের ২৫ মার্চের বিভীষিকা ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোর পাশাপাশি শিক্ষকদের বাসা পর্যন্ত ছড়িয়ে পড়ে। বাসা থেকে টেনে হিঁচড়ে বের করে হত্যা করা হয় অধ্যাপক জ্যোতির্ময় গুহ, দর্শনের অধ্যাপক ড. গোবিন্দ চন্দ্র দেব, কবি ও সাংবাদিক মেহেরুন্নিসা, সেলিনা পারভীন, ভাষাসৈনিক ধীরেন্দ্রনাথ দত্ত প্রমুখকে। স্বাধীনতা আন্দোলনের নেপথ্যে এ সকল বুদ্ধিজীবীদের ভূমিকা গুরুত্বপূর্ণ।

ক. গোয়েলবলস কে? ১
খ. স্বাধীনতা যুদ্ধে বেতারের ভূমিকা কি ছিল? ২
গ. উদ্দীপকের কোন দিকগুলো "একাত্তরের দিনগুলি" রচনায় উপস্থিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের তুলনায় 'একাত্তরের দিনগুলি' রচনা অধিক করুণ।— উক্তিটি মূল্যায়ন কর। ৪

## খ অংশ — পদ্য

৫.▶ 'হিমালয় থেকে সুন্দরবন হঠাৎ বাংলাদেশ
কেঁপে কেঁপে ওঠে পদ্মার উচ্ছ্বাস সে কোলাহলে রুদ্ধস্বরে আমি পাই উদ্দেশ্য
জলে ও মাটিতে ভাঙনের বেগ আসে।'

ক. 'গণসূর্যের মঞ্চ' কী? ১
খ. 'লক্ষ লক্ষ উন্মুত্ত অধীর ব্যাকুল বিদ্রোহী শ্রোতা'— বলতে কি বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের সাথে 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো কবিতার সাদৃশ্যপূর্ণ দিক ব্যাখ্যা কর। ৩
ঘ. "বঙ্গাবন্ধুর ৭ মার্চের ভাষণ বাঙালি হৃদয়ে পদ্মার উচ্ছ্বাস ডেকে এনেছিল।"— উদ্দীপক ও আলোচ্য কবিতার আলোকে যথার্থতা প্রমাণ কর। ৪

https://teachingbd24.com

৬.▶ রফিক সাহেব একজন এনজিও কর্মকর্তা। তিনি একটি অনাথ আশ্রমে শ'খানেক শিশুর পরিচর্যা কাজে নিয়োজিত। খাবার সংগ্রহে একদিন তিনি শহরে গিয়েছিলেন। পথে গাড়ি বিকল। তিনি বার বার ঘড়ির দিকে তাকাচ্ছেন। ঘড়ির কাঁটার চেয়েও দ্রুত চলতে তার বুকের কাঁপন সময়মতো খাবার না পেলে নিরপরাধ বাচ্চাগুলোর কী দশা হবে।

ক. 'রানার' শব্দের আভিধানিক অর্থ কী ১
খ. 'পৌঁছে দাও এ নতুন খবর'— বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের রফিক সাহেব ও রানারের মধ্যকার সাদৃশ্য— ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপক ও রানার' কবিতার পথের পার্থক্য থাকলেও মূল আদর্শে কোন সংঘাত নেই।' মন্তব্যটি যাচাই কর। ৪

৭.▶ ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলার দামাল ছেলেরা মাতৃভাষার মান রক্ষার্থে রাজপথে জীবন দেয়। মাতৃভাষার জন্য মানুষের এমন আবেগ-অনুভূতির দৃষ্টান্ত ইতিহাসে বিরল। বাঙালির প্রমাণ করেছে মা, মাটি ও মাতৃভাষা তাদের কাছে সমান ভালোবাসার জিনিস।

ক. 'বঙ্গবাণী' কবিতাটি কোন শতকে রচিত হয়? ১
খ. কবি কাদেরকে এবং কেন বিদেশে চলে যেতে বলেছেন? ২
গ. উদ্দীপকে 'বঙ্গবাণী' কবিতার সাদৃশ্যপূর্ণ ভাবটি ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকের ভাষাসৈনিকদের পূর্বসুরি যেন 'বঙ্গবাণী' কবিতার কবি।'— বিশ্লেষণ কর। ৪

## গ অংশ — সহপাঠ [উপন্যাস]

৮.▶ বিদেশি সেনার কামানে-বুলেটে বিদ্ধ
নারী শিশু আর যুবক জোয়ান বৃদ্ধ
শত্রু সেনারা হত্যার অভিযানে—
মুক্তিবাহিনী প্রতিরোধ উত্থানে।'

ক. বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাসের নাম কি? ১
খ. 'ছেলেটি এক আশ্চর্য বীর কাকতাড়ুয়া'— শাহাবুদ্দিনের এ উপলব্ধির কারণ কী? ২
গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিক ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকটি 'কাকতাড়ুয়া উপন্যাসের বিষয়বস্তুর খণ্ডিত অংশমাত্র'— যুক্তিসহ প্রমাণ কর। ৪

https://teachingbd24.com

৯.▶ মিন্টুর বয়স যখন দশ তখন তার মা মারা গেলে পিতৃহারা মিন্টু একা হয়ে যায়। বড় বোন শ্বশুর বাড়িতে। সে মামার দোকানে কাজ করে দুবেলা খায়। অবসর সময়ে মামার বাড়ির পাশে পাহাড়ের ওপর গাছ তলায় বসে মনের সুখে বাঁশি বাজায়। কারো ভালো-মন্দ নিয়ে খুব একটা মাথা ঘামায় না।

ক. গেরস্থের উঠানে কী আছে? ১

খ. "আল্লাহ মাফ করুক। এখানে থাকার ভাগ্য যেন আমার না নয়।" কে, কথাটি কেন বলেছিল? ২

গ. উদ্দীপকে মিন্টু ও 'কাকতাড়ুয়া'র বুধা চরিত্রের তুলনামূলক আলোচনা কর। ৩

ঘ. "উদ্দীপকের মিন্টু অপেক্ষা 'কাকতাড়ুয়া'র বুধা অধিক দায়িত্বজ্ঞান সম্পন্ন"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

## ঘ অংশ — সহপাঠ [নাটক]

১০.▶ মাতৃহারা মিনু মামার বাড়িতে বড় হয়। মামিম মিনুকে বোঝা মনে করে। ভাবে কোন রকম পাত্রস্থ করলেই হয়। অবশেষে মামিম বৃদ্ধের সাথে বিয়ে দেয় মিনুকে। জীবন সচেতন মিনু এ বিয়ে মেনে না নিয়ে একদিন বাড়ি ছেড়ে অজানার পথে পাড়ি দেয়।

ক. 'বহিপীর' নাটকের প্রথম সংলাপ কার? ১

খ. হকিকুল্লাহ পুলিশ ডাকতে গিয়েও ফিরে এসেছিল কেন? ২

গ. উদ্দীপকের মিনু চরিত্রের সাথে 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্রের কোন দিকটি মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটি 'বহিপীর' নাটকের সমগ্রভাবের প্রতিফলক কি?'— সত্যতা নিরূপণ কর। ৪

১১.▶ নামকরা পীরের একমাত্র ছেলে মিজান শহরে লেখাপড়া শিখে ব্যাংকে চাকরি নেয়। ছুটিতে গ্রামের বাড়িতে গেলে গ্রামের মুরুব্বিরা তাকে এসে সালাম করতে চায়। এ ঘটনায় মিজান নিজেকে অপরাধী মনে করে। মিজানের বাবার কাছে আমেনার মা পানি পড়িয়ে নিতে আসলে সে বোঝানোর চেষ্টা করে, সাধারণ মানুষের কুসংস্কার ও অন্ধ বিশ্বাসের কথা।

ক. হাতেম আলীর জমিদারি কোথায় ছিল? ১

খ. "আমি সাঁতার জানি না, পানিতে ডুবে মরব"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত গ্রামের মানুষের মনোভাব 'বহিপীর' নাটকের কোন দিকটি ইঙ্গিত করে? আলোচনা কর। ৩

ঘ. "উদ্দীপকের মিজান 'বহিপীর' নাটকের হাশেম আলি চরিত্রের প্রতিরূপ বলা যায় কী?"— যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: | ১ | ০ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. হঠাৎ দশঘরায় গিয়ে হরিহরের পক্ষে বসবাস করা অসম্ভব কেন?**
ক) দশঘরায় কেউ তাকে চেনে না
খ) দশঘরায় আর্থিক নিরাপত্তা নেই
গ) পুরনো গ্রাম ছাড়া যায় না
ঘ) পাওনাদাররা তাকে আটকাবে

**২. লেখক মুক্তির পূর্বশর্ত হিসেবে কিসের কথা বলেছেন?**
ক) অর্থচিন্তার স্বাধীনতা
খ) আত্মপ্রকাশের স্বাধীনতা
গ) মুক্তির স্বাধীনতা
ঘ) নিরাপত্তার স্বাধীনতা

**৩. কোন দেশের নিয়ম অনুযায়ী 'নওরোজ' নতুন বছরের প্রথম দিন?**
ক) বাংলাদেশের খ) পারস্যের
গ) পাকিস্তানের ঘ) আমেরিকার

**৪. 'জীবন-সংগীত' কবিতায় মানুষকে অভিহিত করা হয়েছে?**
i. বীর্যবান
ii. মহাজ্ঞানী
iii. মহাজন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৫. 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় 'খর রৌদ্র জলজ বাতাস' বলার কারণ কী?**
ক) প্রচণ্ড রোদে বাতাস বয় বলে
খ) রৌদ্রতাপে প্রবাহিত বাতাসে জলীয় বাষ্প থাকায়
গ) রৌদ্রে বাতাস প্রবাহিত হয় না বলে
ঘ) গ্রামের বাতাস জলে পূর্ণ থাকে বলে

**৬. আলীর মতে, কী খেলে ক্ষুধার পেট ভরে?**
ক) রোদ খ) জ্যোস্না
গ) বাতাস ঘ) বৃষ্টির পানি

**৭. থুথুরে বুড়োর চোখের নিচে কী?**
ক) শোকের চিহ্ন
খ) দুর্বলতার চিহ্ন
গ) অপরাহ্নের দুর্বল ঝিলিক
ঘ) শোকের অশ্রুধারা

**৮. 'শূন্যতার মধ্যে শূন্যতাই সম্ভব।' বহিপীরের মন্তব্যে প্রকাশ পেয়েছে—**
i. ঘোর স্বার্থ বুদ্ধি
ii. উপলব্ধিজাত জীবনদর্শন
iii. পীর মুরিদি তত্ত্ব কথা
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) iii ঘ) ii ও iii

**৯. বহিপীরের সর্বশেষ উক্তি কী?**
ক) শোকর আলহামদুলিল্লাহ
খ) আমরা জমিদারি রক্ষার ব্যবস্থা করি
গ) ওদের যেতে দিন
ঘ) হকিকুল্লাহ

**১০. 'বুঝি, তবু যেন বুঝি না'— উক্তিটিতে প্রকাশ পেয়েছে—**
ক) নির্বুদ্ধিতা খ) অসহায়ত্ব
গ) কপটতা ঘ) দুর্বোধ্যতা

**১১. মমতাদি ছেলেটির মায়ের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেছিল কেন?**
ক) রান্নার কাজ দিয়েছিল বলে
খ) আশাতীত বেতন দিয়েছিল বলে
গ) বিপদে উদ্ধার করেছিল বলে
ঘ) যথার্থ সম্মান দিয়েছিল বলে

**১২. 'তিনি বিনা দ্বিধায়, বিনা সংকোচে তাহা সকলের কাছে প্রচার করিলেন'— এখানে কিসের বাণী প্রচারের কথা বলা হয়েছে?**
ক) সত্যের খ) হাদিসের
গ) আয়াতের ঘ) কোরআনের

**১৩. মহাকাব্য কাকে বলে?**
ক) আকারে বিশাল কাব্য
খ) কয়েকজন কবির রচিত বিশাল কাব্য
গ) ঐতিহাসিক বা পৌরাণিক ঘটনাসম্বলিত আকারে বিশাল কাব্য
ঘ) কবির রচিত কয়েকটি কাব্যগ্রন্থের সমন্বিত রূপ

**১৪. যিনি যথার্থ গুরু তিনি কী করেন?**
ক) শিষ্যের মঙ্গল কামনা করেন
খ) শিষ্যকে সত্যিকার শিক্ষা দিয়ে থাকেন
গ) শিষ্যের আত্মাকে উদ্বোধিত করেন
ঘ) শিষ্যের মানসিক বৃদ্ধি ঘটাতে পারেন

**১৫. 'কপোতাক্ষ নদ' কবিতায় কবি কীভাবে এর মূল ভাবটি ফুটিয়ে তুলেছেন?**
ক) কাব্যিক ব্যঞ্জনায়
খ) আবেগের আতিশয্যে
গ) ভাষার তীক্ষ্ণতায়
ঘ) গঠন বিন্যাসে

**১৬. ঝর্ণা যার আশায় ধাবমান—**
i. সুন্দরের তৃষ্ণা যার
ii. পাতকুয়ায় যায় না যে
iii. জল স্যাচার গরজ নেই যার
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

Teachingbd24.com

https://teachingbd24.com

১৭. 'ভেঙে ফেল ঐ ভজনালয়ের যত তালা দেওয়া দ্বার।' — কবির এ চরণে প্রকাশ পেয়েছে—
i. সব মসজিদ ও মন্দিরে প্রার্থনার আহ্বান
ii. মানুষকে ঘৃণা করার প্রতিবাদ জানানো
iii. নিরন্ন দুঃখী মানুষের অধিকার প্রতিষ্ঠার আহ্বান
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৮. কবি জীবনানন্দ দাশ ঢেউকে 'নরম গন্ধের' বলেছেন কেন?
ⓚ দুর্বল বলে ⓚ শিশিরের বলে
ⓖ স্নিগ্ধ মধুর বলে ⓖ শীতের বাতাস বলে

১৯. মা কাকে মরণের দূত বিবেচনা করেছেন?
ⓚ বাদুড়ের ডাককে ⓚ কানাকুয়োর ডাককে
ⓖ হুতুমের ডাককে ⓖ ডাহুকের ডাককে

**উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:**
জীবনের আতিশয্যে যাহারা দারুণ উগ্র সুখে সাধ করে নিল গরল-পিয়ালা, বর্শা হানিল বুকে।

২০. উদ্দীপকটি নিচের কোন কবিতার ভাবার্থ প্রকাশ করে?
ⓚ সাহসী জননী বাংলা
ⓚ তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা
ⓖ মানুষ
ⓖ স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো

২১. উক্ত কবিতার যে চারণটি উদ্দীপকের সঙ্গে সজ্ঞাতিপূর্ণ—
i. সহায় সম্পদ বল, সকলি ঘুচায় কাল, আয়ু যেন শৈবালের নীর
ii. কর যুদ্ধ বীর্যবান, যায় যাবে যাক প্রাণ, মহিমাই জগতের দুর্লভ
iii. বলো না কাতর স্বরে, বৃথা জন্ম এ সংসারে এ জীবন নিশার স্বপন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ iii ⓖ i, ii ও iii

২২. কী নিয়ে বুধার কোন ঝামেলা নেই?
ⓚ আলো ⓚ পথ
ⓖ ঘুম ⓖ রাত

**উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
শহিদের খুন লেগে
কিশোর তোমার দুই হাতে
সূর্য উঠেছে জেগে।

২৩. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিককে নির্দেশ করে?
ⓚ যুদ্ধ ⓚ যোদ্ধা
ⓖ মুক্তিযোদ্ধা ⓖ কিশোর মুক্তিযোদ্ধা

২৪. 'অনুভূতির জগতে সে ফতুর হয়ে পড়ে'— কথাটির মাধ্যমে বোঝানো হয়েছে—
i. হৃদয়ের দিক থেকে সে নিঃস্ব হয়ে পড়ে
ii. লোভ তার অন্তরকে আবিষ্ট করে ফেলে
iii. মনুষ্যত্বের দিক দিয়ে কাঙ্গাল হয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ iii ⓖ i, ii ও iii

২৫. রুমীর 'মার্সি পিটিশন' করা না করার ব্যাপারে লেখিকা ও তার স্বামী দ্বিধা— দ্বন্দ্বে কাটিয়েছেন কত সময়?
ⓚ চব্বিশ ঘন্টা ⓚ দুদিন দুরাত
ⓖ দুদিন তিন রাত ⓖ তিন দিন তিন রাত

২৬. 'পয়লা বৈশাখকে এ অবস্থা থেকে উদ্ধার করতে হবে'— কোন অবস্থা থেকে?
ⓚ ধর্মীয় আবরণ থেকে
ⓚ আনন্দ অনুষ্ঠানের আতিশয্য থেকে
ⓖ উচ্চবিত্ত ও মধ্যবিত্ত শ্রেণির বর্জোয়া বিলাসের কবল থেকে
ⓖ শহুরে সংস্কৃতির কবল থেকে

২৭. উপেক্ষিত শক্তির বোধন করলে কোনটি ঘটবে?
ⓚ স্বাধীনতা আসবে
ⓚ অসাধ্য সাধন হবে
ⓖ স্বরাজ কায়েম হবে
ⓖ দুর্যোগ কেটে যাবে

২৮. 'নিম গাছটার ইচ্ছে করতে লাগল লোকটার সঙ্গে চলে যায়'— এখানে কী প্রকাশ পেয়েছে?
ⓚ মুক্তির অদম্য বাসনা
ⓚ ভালোবাসার ব্যাকুলতা
ⓖ বন্দিত্বের যন্ত্রণা
ⓖ স্থানের প্রতি ঘৃণা

২৯. বাঙালির জনজীবনের বিভিন্ন বাঁকে কিসের ঐতিহ্য আছে?
ⓚ মুক্তিযুদ্ধের ও আন্দোলনের
ⓚ অতীত ও ইতিহাসের
ⓖ সংগ্রাম ও প্রতিরোধের
ⓖ ভীরুতা ও বীরত্বের

৩০. কবি যে কারণে বলেছেন, 'হাজার চরণ চিহ্ন পেছনে ফেলে এসেছি—'
i. হাজার বছর ধরে বাংলায় বসবাস করা
ii. হাজার বছরের স্বতন্ত্র সংস্কৃতি ও ধর্ম নিয়ে বসবাস করা
iii. বাঙালি জাতিগতভাবে পৃথক মনোভাবের জাতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | গ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | খ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ক |

https://teachingbd24.com